



# বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট (বারটান)

সেচ ভবন, ৪র্থ তলা, ২২, মানিক মিয়া এভিনিউ, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৯১২৯৮৬২, ৯১৩৬২৭৪, ৯১৩৬৪৯৫ ফ্যাক্সঃ ৮৮০-৯১২৭১৬, Email : birtanoffice@gmail.com Web: www.birtan.gov.bd

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.২৪.০০১.২০- ৮৮৮

তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ  
০৪ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ

**বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনসিটিউট (বারটান)-এর অধীন বিভাগীয় সাতটি আঞ্চলিক কার্যালয়ের সমন্বয়ে Google Meet প্ল্যাটফর্মে অনুষ্ঠিত জুলাই ২০২০ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি	:	মোঃ হাবিবুর রহমান খান নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব), বারটান
তারিখ ও সময়	:	৩০ জুলাই ২০২০ খ্রিঃ
স্থান	:	বারটান প্রধান কার্যালয়-এর সম্মেলন কক্ষ হতে Google Meet প্ল্যাটফর্ম

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-ক-তে দেখা যেতে পারে।

১. Google Meet প্ল্যাটফর্মে অনুষ্ঠিত সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় আলোচ্য বিষয়াদি উপস্থাপনার জন্য বারটান-এর পরিচালককে অনুরোধ করেন। বারটান-এর পরিচালক বারটান আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণকে নিজের নাম, পদবী, শিক্ষাগত যোগ্যতা এবং দপ্তরে অনুষ্ঠিত কার্যক্রমের সংক্ষিপ্ত বিষয়াদি উল্লেখ করার জন্য অনুরোধ জানান। বারটান-এর ০৭টি আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ নিজেদের পরিচয়সহ প্রত্যেক কার্যালয়ে অনুষ্ঠেয় কাজের সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করেন।

২. সভায় নিম্নলিখিত বিষয়াদি আলোচনা ও এর প্রেক্ষিতে সিফার্ট গৃহীত হয়:

ক্রঃ নং	আলোচ্যসূচি	গৃহীত সিফার্ট	বাস্তবায়নকারী সংস্থা/ প্রতিনিধি
১.	প্রত্যেকটি দপ্তরের বাংসরিক কার্যক্রম সঠিক ও যথাযথভাবে স্বচ্ছতার সাথে করার নিমিত্ত প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের সঙ্গে অধীনস্থ আঞ্চলিক কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করার বিষয়ে আলোচনা করা হয়। ২০২০-২১ অর্থ বৎসরের জন্য বিভিন্ন কার্যক্রম, সূচক নির্ধারণ করা হয়েছে এবং এসকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল দপ্তর যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে মর্মে আশা প্রকাশ করা হয়।	বারটান-এর নির্বাহী পরিচালক-এর সাথে Google Meet প্ল্যাটফর্মের মাধ্যমে ০৭টি আঞ্চলিক কার্যালয়ের দপ্তর প্রধানগণের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়।	বারটান আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ
২.	মাননীয় প্রধান মন্ত্রীর সদয় নির্দেশনা “এক ইঞ্জিনিওর যেন অনাবাদী না থাকে”-এ বিষয়কে উপজীব্য করে কৃষি মন্ত্রণালয় হতে একটি ভিডিও ( <a href="https://www.facebook.com/4533760205115482/posts/897354710756017/">https://www.facebook.com/4533760205115482/posts/897354710756017/</a> )-এর বার্তাসমূহ ব্যাপকভাবে প্রচার করা বিষয়ে আলোচনা করা হয়।	কৃষি মন্ত্রণালয় কর্তৃক তৈরিকৃত ভিডিও-এর বার্তাসমূহ ব্যাপকভাবে প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারী দাপ্তরিকভাবে এবং নিজেদের ফেইসবুকে প্রচার করবেন।	বারটান আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ ও সংশ্লিষ্ট কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
৩.	প্রত্যেক দপ্তরে ই-নথির ব্যবহার বাড়ানোর বিষয়ে আলোচনা করা হয়। প্রাপ্ত পত্র, বিভিন্ন দপ্তরে যোগাযোগসহ বিভিন্ন বিষয়াদি ই-নথির মাধ্যমে সম্পাদনের বিষয়ে আলোচনায় গুরাত্মোপ করা হয়।	আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ ই-নথির ব্যবহার বাড়াবেন।	বারটান আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ

ক্রঃ নং	আলোচ্যসূচি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা/ প্রতিনিধি
৩.	<p>বারটান-এর কার্যক্রম বিষয়ে উল্লেখ করে সভাপতি জানান যে, জনগণকে পুষ্টি বিষয়ে যথাযথভাবে বিষয়াদি অবহিত করে সচেতনতা বৃদ্ধি করতে হবে। তিনি আরও জানান যে, রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে পুষ্টিকর খাবারের বিকল্প নেই। পুষ্টি কোন মন্ত্রণালয়ের একার কাজ নয়। এ বিষয়ে ২২টি মন্ত্রণালয় সম্পৃক্ত আছে। ফলে সকল অংশীজনের সঙ্গে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে এ বিষয়ে কাজ করতে হবে। জনবলসহ আর্থিক সীমাবদ্ধতা থাকলেও সকলকে কাজের প্রতি নিবেদিত হতে হবে।</p> <p>বারটান-এর প্রধান কার্যালয় ১০০ একর জমির উপর নির্মিত হয়েছে। এছাড়া প্রতিটি আঞ্চলিক কার্যালয়ও ৫ একর বা কোন কোন ক্ষেত্রে আরও অধিক জমির উপর দপ্তরসমূহ নির্মিত হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী এবং কৃষি মন্ত্রী মহোদয় পুষ্টি সেচ্ট'রকে সবসময় গুরুত্ব দিয়ে থাকেন। ফলে সকলকে বারটান সৃষ্টি এবং এর উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে নিরলসভাবে কাজ করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।</p>	<p>বারটান এর ম্যানেজ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নে সকলকে সচেষ্ট হতে হবে। স্বাস্থ্যবিধি মেনে সকলকে দায়িত্ব পালন করতে হবে। এছাড়াও গবেষণা কার্যক্রমকে গুরুত্ব প্রদান করতে হবে।</p>	<p>বারটান আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ ও সংশ্লিষ্ট কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ</p>

৩. আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

*১০/১০/১৫/১৫/২০২০*  
(মো: হাবিবুর রহমান খান)  
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)

পরিশিষ্ট-ক

ক্রমিক নং	নাম ও পদবী	কার্যালয়
১.	কাজী আবুল কালাম পরিচালক	বারটান প্রধান কার্যালয়
২.	মো: ছাদেকুল ইসলাম উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান আঞ্চলিক কার্যালয়, পীরগঞ্জ, রংপুর
৩.	নূর আলম সিদ্দিকী উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান আঞ্চলিক কার্যালয়, ঝিনাইদহ
৪.	মো: জামাল হোসেন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান আঞ্চলিক কার্যালয়, বরিশাল
৫.	মোসাম্মৎ আলতাফ-উন-নাহার উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান আঞ্চলিক কার্যালয়, নেত্রকোণা
৬.	মো: আব্দুর রাজ্জাক উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান আঞ্চলিক কার্যালয়, সুনামগঞ্জ
৭.	মোহাম্মদ জহির উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান আঞ্চলিক কার্যালয়, সুবর্ণচর, নোয়াখালী
৮.	মোরসালীন জেবীন তুরিন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ
৯.	মো: মাকছুদুল হক উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান প্রধান কার্যালয়
১০.	তাসমীনা মাহজাবীন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	বারটান প্রধান কার্যালয়